

**সরকারী কলেজে  
৬৪১ নতুন পদ  
সৃষ্টি করা হয়েছেঃ  
শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, শিক্ষাদানের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার দেশের ৫১টি সরকারী কলেজে ৬৪১টি নতুন পদ সৃষ্টি করেছে।

শিক্ষামন্ত্রী রোববার মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতির নেতৃবৃন্দের উদ্দেশে বক্তৃতা করছিলেন। শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ইউনুস মিয়া এ উপলক্ষে বক্তৃতা করেন।

সভায় প্রভাষকদের সিলেকশন গ্রেড প্রদান, প্রভাষক পদের উন্নীতকরণ (আপগ্রেড), সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপকদের ১০ শতাংশ পদে সরাসরি নিয়োগ প্রদান এবং বিভিন্ন কলেজের অনুমোদিত কাঠামো অনুযায়ী পদ সৃষ্টি ও প্রভাষকদের পদোন্নতিসহ ১২ দফা দাবি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

অন্যান্যের মধ্যে এসময় সমিতির সভাপতি ডঃ পারভীন সুলতানা, মহাসচিব আবদুল আউয়াল খান, সহসভাপতি সাইফউদ্দিন আহমদ, সাংগঠনিক সম্পাদক এনামুল হক খান, দফতর সম্পাদক ফাতেমা আফরোজ, সদস্য রেহানা আহমদ, আঃ হাকিম, লিয়াকত পারভেজ, খোদেজা বেগম, নাইমা আখতার, ডঃ সেলিমা সাইদ, বীথি দাস ও শহিদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।